



মধ্যরাতে মানিকগঞ্জে স্কুলবাসে অগ্নিসংযোগ, ঘুমন্ত চালক দহ্ন



সংগৃহীত ছবি

মানিকগঞ্জের শিবালয়ে গভীর রাতে একটি স্কুলবাসে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। বাসের ভেতরে ঘুমিয়ে থাকা চালক তাবেজ খান (৪৫) দহ্ন হয়ে গুরুতর আহত হন। পরে তাকে স্থানীয় হাসপাতালে নেওয়ার পর অবস্থার অবনতি হলে ঢাকার জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে পাঠানো হয়। ঘটনাটি ঘটে শুক্রবার (১৪ নভেম্বর) রাত দেড়টার দিকে ঢাকা-আরিচা মহাসড়কের ফলসটিয়া বাসস্ট্যান্ড এলাকায়। দি হলি চাইল্ড স্কুল অ্যান্ড কলেজের বাসটি সেখানে পার্কিং করে রাখা ছিল। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, হঠাৎ দুর্বৃত্তরা বাসটিতে আগুন ধরিয়ে দিলে মুহূর্তেই আগুন পুরো বাসে ছড়িয়ে পড়ে। সেই সময় বাসের ভেতরেই ঘুমিয়ে ছিলেন চালক তাবেজ খান, যিনি মানিকগঞ্জ সদর উপজেলার বারাইবিকুরা গ্রামের আবুল হোসেনের ছেলে। খবর পেয়ে শিবালয় থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দহ্ন চালককে উদ্ধার করে ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে। পরে তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় রেফার করা হয়। ফায়ার সার্ভিসের একটি দল আগুন নিয়ন্ত্রণে কাজ করে। শিবালয় থানার উপপরিদর্শক (এসআই) সুমন চক্রবর্তী জানান, দুর্বৃত্তদের অগ্নিসংযোগের খবর পেয়ে পুলিশ দ্রুত ব্যবস্থা নিয়েছে। ঘটনার তদন্ত চলছে এবং আইনগত প্রক্রিয়া গ্রহণের প্রস্তুতি চলছে।